

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।


বিজ্ঞপ্তি

(আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবাপ্রদর্শন নীতিমালা-২০০৮, স্মারক নং-অম/অবি/ব্যগ্নিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭, তারিখঃ ০৭/০৮/২০০৮ইং)- অনুযায়ী

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে জনবল সরবরাহের জন্য Out Sourcing এর মাধ্যমে ২০ টি কম্পিউটার অপারেটর এর পদ অঙ্গুয়াভাবে পূরণের জন্য স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরদাতাগণ সিলগালাকৃত দরপত্র সিডিউল আগামী ২৩/০৭/২০১৫ খ্রি: তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে অত্র অফিসে রাখিত দরপত্র বাল্লে দাখিল করতে হবে এবং একইদিন বেলা ১২:১০ ঘটিকার দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধি গণের উপস্থিতিতে (যদি উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। উল্লেখিত জনবল সরবরাহের দরপত্র ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরঝয়োগ্য) মূল্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ২২/০৭/২০১৫ খ্রি: তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে।

শর্তসমূহঃ

- ১। জনবল সরবরাহের ক্ষেত্রে প্রতিপদের বিপরীতে মাসিক বেতন হানীয় টাকায় উল্লেখ করতে হবে এবং একটি সীলগালা করা খামের উপর অংশে স্পষ্টভাবে ‘Out Sourcing’ শব্দটি লিপিবদ্ধ করতে হবে;
- ২। দরপত্রদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদসহ অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;
- ৩। দরপত্রে উল্লেখিত মূল্য সকল প্রকার করাদি/ ভ্যাট (যদি থাকে) যুক্ত করে দর উল্লেখ করতে হবে;
- ৪। অফিসের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে এবং শিফট অনুযায়ী কাজ করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় জনবল নিয়োজিত রাখতে অপরাগ হবে তাদের প্রত্যাব দাখিল করার প্রয়োজন নেই।
- ৫। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে অত্র কার্যালয়ে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে সেবার মানের ভিত্তিতে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে অথবা সেবার মানের ভিত্তিতে পুনরায় জামানত গ্রহণপূর্বক চুক্তি নবায়ন করা হবে।
- ৬। আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা অবহেলার কারণে অফিসের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
- ৭। কার্যাদেশ প্রাণ্ডির ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উল্লেখিত জনবল সরবরাহ করতে হবে;
- ৮। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে বিনা নোটিশে অত্র দরপত্র বিজ্ঞপ্তি স্থগিত অথবা যেকোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ মোয়াজ্জেব হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার(অর্থ)
৭.৭.১৫
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।